

ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

১। পৌরসভা মহা পরিকল্পনা (Master Plan) ও পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুসারে সকল উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হবে।

২। ২০২৫ সালের মধ্যে সমগ্র শহরে প্রয়োজনীয়তার ভিত্তিতে হস্তচালিত গভীর নলকুপ এবং ওভারহেড ট্যাংকি স্থাপনসহ সকল এলাকায় সীমিত আকারে নল বাহিত পানি সরবরাহ ব্যবস্থা স্থাপন ও পর্যায়ক্রমে সম্প্রসারণ।

৩। ২০২৫ সালের মধ্যে ১০০% স্যানিটেশন নিশ্চিত করা।

৪। ২০৩০ সালের মধ্যে কঠিন বর্জ্য অপসারণের জন্য ডাম্পিং গ্রাউন্ড নির্মাণসহ সমগ্র পৌরসভাকে বর্জ্য ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসা।

৫। ২০২৫ সালের মধ্যে রোড নেটওয়ার্কসহ পরিবহন ও যানবাহন ব্যবস্থাপনা পরিকল্পনার আওতায় সমগ্র শহরে পরিকল্পিত উপায়ে বাস/ট্রাক টার্মিনাল, রাস্তা, ফুটপাথ, সেতু/কালভার্ট ইত্যাদি নির্মাণ ও সড়কবাতি স্থাপনসহ যাতায়াত সুবিধা প্রদান করা।

৬। ২০৩০ সালের মধ্যে ফুলবাড়ী কাঁচা বাজারে একটি কিচেন মার্কেট ও একটি সুপার মার্কেট এবং পৌরসভা চত্বরে একটি পৌর সুপার মার্কেট কাম কমিউনিটি সেন্টার নির্মাণ করা হবে।

৭। ২০৩০ সালের মধ্যে ফুলবাড়ী পৌরসভার চকচকা গ্রামে একটি পৌর শিশু পার্ক নির্মাণ করা হবে।

৮। ২০২৫ সালের মধ্যে সড়কে দুর্ঘটনা কমানোর জন্য এবং রাস্তা পারাপারের জন্য শহরের অভ্যন্তরে তিনটি ফুট ওভার ব্রীজ নির্মাণ করা হবে।

৯। ২০২৫ সালের মধ্যে প্রতিটি রাস্তার দুই পার্শে ফলজ, বনজ, ও ফুলের বৃক্ষ দ্বারা শহরের সৌন্দর্য বর্ধন করা হবে।

১০। ২০২৫ সালের মধ্যে ফুলবাড়ী পৌরসভার শতভাগ এলাকা সড়ক বাতির আওতায় আনা হবে।